

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৪.২০১৩-৬৩৭

তারিখঃ ২৭.০৯.২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ আলী আসগর বুলবুল (৪৩২২৫), রেজিস্ট্রার (সার্জারী), ৩০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, নারায়নগঞ্জ গত ১৪.১২.২০১১খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা বুজু করে এ মন্ত্রণালয়ের ১০.০৩.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৪.২০১৩-২৭০নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষেপে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতাঃ

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ আলী আসগর বুলবুল (৪৩২২৫)

রেজিস্ট্রার (সার্জারী)

৩০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল

নারায়নগঞ্জ।

(স্থায়ী ঠিকানাঃ- পিতা- আবুল বায়ান, গ্রাম+ডাকঘরঃ- শুলুপুরা, থানা-আড়াইহাজার, জেলা-নারায়নগঞ্জ)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৪.২০১৩-৬৩৭/১৬৪

তারিখঃ ২৭.০৯.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। চিকিৎসা তত্ত্বাবধায়ক, ৩০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, নারায়নগঞ্জ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২০.২০১৫- ৫৩২

তারিখঃ ২৭.০৯.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ রেহেনুমা তারানুম (১৩৩৯৩২), সহকারী সার্জন, নানিয়ারচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নানিয়ারচর, রাঙ্গামাটি এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ রেহেনুমা তারানুম (১৩৩৯৩২), সহকারী সার্জন, নানিয়ারচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নানিয়ারচর, রাঙ্গামাটি গত ০১.০৪.২০১৫ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ রেহেনুমা তারানুম (১৩৩৯৩২)
সহকারী সার্জন
নানিয়ারচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র
নানিয়ারচর, রাঙ্গামাটি।
(স্থায়ী ঠিকানা- পিতা-মোঃ সালাউদ্দিন, ওমদামিয়া হিল, তবলছড়ি, ডাকঘর-রাঙ্গামাটি, জেলা-রাঙ্গামাটি)।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৫- ৫৩২/১৫

তারিখঃ ২৭.০৯.২০১৫ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাবেসে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। উপসচিব (পার-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নানিয়ারচর, রাঙ্গামাটি।


(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

ডাঃ রেহেনুমা তারানুম (১৩৩৯৩২), সহকারী সার্জন, নানিয়ারচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নানিয়ারচর, রাঙ্গামাটি গত ০১.০৪.২০১৫ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব